# সভা নং-১৪

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ জুলাই মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মাহমুদা জাহান
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ ঃ ৩০/০৭/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অত:পর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, বর্তমানে চিকনগুনিয়া ও ডেঙ্গুজ্বর মারাত্মক হারে বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সবাইকে সচেতন হতে হবে, মাস্ক ও সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে। তাছাড়া বাড়ির পাশে পানি থাকলে ছোট বাচ্চাদের বিষয়ে নজরদারী করতে হবে।এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, অতি বৃষ্টির কারণে আউশের জমি, সবজি ও আমনের বীজতলা কিছু ক্ষয়ক্ষতি হয়েছে। উপজেলা সার ও বীজের মজুদ ও প্রাপ্যতা পর্যাপ্ত ও সন্তোষজনক। রোগ বালাই ও পোকা মাকড়ের প্রাদুর্ভাব নাই। উপজেলার কৃষির সার্বিক অবস্থা সন্তোষজনক এবং কাজকর্ম স্বাভাবিক আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩. | খ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২৫-২০২৬ ইং অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় কাজের প্রাক্কলন নিম্নে উপস্থাপন করা হল: | | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ০১. | ব্রাহ্মণপাড়া বাজার হতে উপজেলা সংযোগ সড়কের পার্শ্ববর্তী অংশ সিসি ও এইচবিবি দ্বারা উন্নয়ন। (আরএফকিউ কোটেশন) | ৩,৯৯,৩৪৫/- |
| ০২. | মালাপাড়া ইউনিয়নের চন্ডিপুর অলুয়া সড়কে আবদুল মতিন খসরু কলেজের সম্মুখের রাস্তায় কালভার্ট নির্মাণ। (পিআইসি) | ২,০০,০০০/- |
| ০৩. | উপজেলা পরিষদ গেইটের সম্মুখে বাউন্ডারীর পূর্বদিক হতে কোরবান আলী দোকান হতে মন্দির সড়ক উন্নয়ন (পিআইসি) | ২,০০,০০০/- |
| | সর্বমোট | ৭,৯৯,৩৪৫/- |

সিদ্ধান্ত ঃ ক্রমিক ০১ হতে ০৩ পর্যন্ত অনুচ্ছেদ সমূহ সর্বমোট ৭,৯৯,৩৪৫/- টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। উপরোক্ত প্রকল্পসমূহ উপজেলা উন্নয়ন তহবিল হতে আরএফকিউ কোটেশন, পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. উপজেলা প্রকৌশলী: ব্রাহ্মণপাড়া জানান যে, নতুন সড়ক অন্তভুক্তিকরণের ছক "পরিশিষ্ট" (বাস্তবায়ন: উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া)

| উপজেলার নাম | ক্রমিক নং | সড়কের আইডি নম্বর | সড়কের শ্রেনী | Start এবং End Point অনুযায়ী সড়কের নাম | পরিমাপ অনুযায়ী সড়কের দৈর্ঘ্য (কি: মি:) | নতুন সড়ক অন্তভুক্তিকরণের কারণ ব্যাখ্যাসহ যুক্তি প্রমান করতে হবে। |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| Brahmanpara | 1 | 419154076 | VR-A | (0502) West Bridge of Dulapur Bazar From mokum-Ibrahim Sharder Road | 100 | সড়ক গুলো ইতিমধ্যে মাটিদ্বারা উন্নয়ন করা হয়েছে বিধায় ইনভেন্টরিতে অন্তভূক্তির প্রস্তাব করা হয়েছে। |
| | 2 | 419154077 | VR-A | (0505) Gopalnagar Alim Master Bari Bridge via Adud mumber Bari- jerune Border Road | 3.00 | |
| | 3 | 419154078 | VR-A | (0507) Gopalnagar main Road to Dighirpar via Central Masque Road | 1.00 | |
| | 4 | 419154079 | VR-A | (0504) Nalla Joorpool-Mostafa Bari road | 1.00 | |
| | 5 | 419154080 | VR-A | (0503) Shason Khola Bridge-Nohunabi Bari Road | 1.00 | |
| | 6 | 419154081 | VR-A | (0501) Balina main road-Fazlul Haque Master Bari Road. | 1.25 | |
| | 7 | 419154082 | VR-A | (0504) Nalla Bazar Shaperpool- Debidwar Fatehabad Road | 1.25 | |

| | | |
|---|---|---|
| মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য খাদ্য প্রতিষ্ঠানকে লাইসেন্স নবায়নের কাজ চলছে। প্রদর্শনী খামার নির্বাচন চলমান। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে পবিত্র রমজান মাস উপলক্ষে স্বল্প আয়ের মানুষের মাঝে সুলভ মূল্যে দুধ, ডিম বিক্রির কার্যক্রম চলমান আছে।অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| প্রাথমিক শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়নে নতুন শ্রেণিকক্ষ নির্মাণ অত্যন্ত ধীরগতি। বিশেষ করে, পূর্ব রামনগর সপ্রাবি, কালামুড়িয়া সপ্রাবি, রামচন্দ্রপুর সপ্রাবি নির্মাণে ধীর গতি বিষয়ে উপজেলা প্রকৌশলী সাহেবের দৃষ্টি আর্কষণ করা হয়। একইভাবে ওয়াশব্লকের কাজ হচ্ছে না এবং কোন কোন বিদ্যালয়ে ৪ বছর হতে ২ বছর কোন স্কুলে ১ বছরের যাবৎ কাজ বন্ধ আছে।<br>দীর্ঘদিন প্রাথমিক বৃত্তি পরীক্ষা বন্ধ থাকার পর এই বছর হতে পুনরায় প্রাথমিক বৃত্তি পরীক্ষা চালু হচ্ছে। শুধু তিন ক্যাটাগরির স্কুল বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করবেন। ১। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ২) পিটি আই সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩) সরকারি মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়। সাধারন পরিবারের বিষয়টি বিবেচনা করে জাতীয় পর্যায়ে এইরূপ সিদ্ধান্ত নেয়া হয়েছে। যেহেতু আমাদের প্রাথমিক বিদ্যালয় সাধারন দরিদ্র পরিবারের শিক্ষার্থীরা অধ্যয়ন করে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, স্কুল ও মাদ্রাসায় অর্ধ বার্ষিক পরীক্ষা শেষ হয়েছে। বর্তমানে পুরোদমে শ্রেণি কার্যক্রম চলছে।<br>এইচ এস সি ও সমমানের পরীক্ষা/২০২৫ চলমান। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা চলছে। সকল কেন্দ্রগুলিতে সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে।<br>PBGSI এর ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ শেষ হয়েছে। ৩৩ জন কৃতি শিক্ষার্থীকে অভিভাবক ও প্রতিষ্ঠান প্রধানগণের উপস্থিত আড়ম্বপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে এ পুরস্কার দেয়া হয়েছে। জুলাই ২৪ এর বর্ষপূর্তি উপলক্ষে গ্রাফিতি ও চিত্রাংকন প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে প্রতিষ্ঠান পর্যায়ে পালন করা হয়েছে। কলেজ পর্যায়ে বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের সুযোগ পেয়েছে। লেইস প্রজেক্ট এর আওতায় প্রতিষ্ঠানকে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ২,৫০,০০০/- টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে দেয়া হয়েছে। এ ট্যাগ প্রতিষ্ঠান জলবায়ু পরিবর্তন বিষয়ক কর্মসূচী যেমন দেয়ালিকা প্রকাশ, বিতর্ক ও বৃক্ষরোপন কর্মসূচী পালন করবে। ইতোমধ্যে তা সম্পূর্ণ হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ব্রাহ্মণপাড়ার সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৫-২০২৬ অর্থ বছর থেকে ভাতাভোগী নগদ/ বিকাশ/ রকেটসহ যে কোন ব্যাংকের মাধ্যমে ভাতা'র টাকা গ্রাহক গ্রহণ করতে পারবে সে বিষয়ে ব্যাপক প্রচার চালানোর জন্য নির্দেশনা রয়েছে। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ক. ২০২৪-২০২৫ অর্থ বছরে খাত ওয়ারী বরাদ্দের ৩০ জুনের মধ্যে কাজ সমাপ্ত হয়েছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী তালিকা চূড়ান্ত করা হয়েছে। খাদ্য শস্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত ডিও দেয়া হবে।<br>মা ও শিশু সহায়তা কার্যক্রম :- এ কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দপত্র পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল ইউনিয়নকে অবহিত করা হবে। কিশোর কিশোরী ক্লাব :- এ প্রকল্পের আওতায় ০১ জন সঙ্গীত শিক্ষক এবং ০৩ জন আবৃত্তি শিক্ষক সহ মোট ০৪ জন শিক্ষক যোগদান করেছে অত্র কার্যালয়ে। এ ছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৫০৭৯ জনের মধ্যে খাবার বড়ি ১৬৬৮৬ জন, কনডম ২৬০৪ জন, ইনজেকশন ৫৯২৭ জন, আইইডি ১৬৪৮জন, ইমপ্লান্ট-৩০২৫ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৩জন এবং মহিলা ৩৯৬৫জন, মোট ৩৪৩৭৯ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.২৬%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৮৪০ জন, চলতি মাসে নতুন গর্ভবতী ১৪৯ জন,গর্ভকালীন ৯৫৪জন ও গর্ভোত্তর ৪৬১ জনকে সেবা প্রদান করা হয়েছে। জুন/২০২৫ স্বাভাবিক প্রসবের সংখ্যা ২৬ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরে মোট ৫৭৬ জন সুবিধাভোগী সদস্যদের মাঝে তাদের স্ব-নির্ধারিত আয়বর্ধন মূলক কর্মকান্ডে ৩২৪.২৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয় ৩৪০.০৪ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৯৮%। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :** উপজেলা পল্লী সঞ্চয় ব্যবস্থাপক সভায় জানান যে, এছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে,UNICEF Supported Eastern Flood Response-2 প্রকল্পের কাজ প্রায় শেষের দিকে আছে। আগামী মাসের মধ্যে কাজগুলো হ্যান্ডওভার করা হবে। ইতিমধ্যে প্রায় ৫০% কাজ বাস্তবায়ন হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের গভীর নলকূপের কাজ চলমান আছে প্রায় ৫০% নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার ব্রাহ্মণপাড়া, জানান যে ব্রাহ্মণপাড়া উপজেলা যে সকল রাস্তায় ঝড়ে পড়া, মরা গাছ আছে সেগুলোর তালিকা করে উপজেলা সভায় সিদ্ধান্ত নিয়ে কর্তন করা যেতে পারে। জীবিত গাছ কর্তনের কোন আবেদন যদি থাকে তাহলে উপজেলা কমিটির সিদ্ধান্তের পর জেলা কমিটির নিকট প্রেরন করলে পরবর্তীতে অনুমোদন দিলে গাছ কর্তনের সুযোগ আছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, সরকারি সকল অফিস বাসা বাড়ী ও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| | | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
| ১৯. | **বিবিধ আলোচনা ঃ** | বিবিধ ক,খ ও গ অনুচ্ছেদ অনুমোদিত হয় ভাউচারের মাধ্যমে ব্যয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | **উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া** |
| ক. | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া, কুমিল্লা, জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর অভ্যন্তরে ও পুকুর পাড়ের ঝোপঝাড় পরিষ্কার করণ ২২ জন শ্রমিকের মজুরি বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা বিল দাখিল করেন। | | |
| খ. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, বর্তমানে চিকনগুনিয়া ডেঙ্গুজ্বর মারাত্মক হারে বৃদ্ধি পাচ্ছে উপজেলা পরিষদ হতে মশার ঔষধ ক্রয় বাবদ প্রতিটি ইউনিয়নের ১০,০০০× ০৮=৮০,০০০/- (আশি হাজার) টাকা বিল ভাউচার দাখিল করেন। | | |
| গ. | মোঃ মশিউর রহমান, র্যাট-মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা উপজেলা পরিষদ কার্যালয় অফিসের জন্য ছোট খাম, বড় খাম, ফাইল বোর্ড কভারসহ ক্রয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল ভাউচার দাখিল করেন। | | |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.০৭.২০২৫
(মাহমুদা জাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০
তারিখ: ৩০/০৭/২০২৫খ্রি.

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-৬২(২৮)

অনুলিপি :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
— সদয় অবগতির জন্য।

৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৬. চেয়ারম্যান.............................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা
— অবগতি ও কার্যার্থে।

৭. অফিস নথি

৩০.০৭.২০২৫
(মাহমুদা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।



CamScanner